

'১৫ বছর ধরে চাকরি করেও বেতন ৯২০০ টাকা'

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১১ নভেম্বর,
২০২৪ ১৭:০৭

শেয়ার

অ +

অ -



সোমবার সকালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গণে মানববন্ধন করেন ডাইনিং কর্মচারীরা। ছবি : কালের কণ্ঠ

আবাসিক হলের ডাইনিং কর্মচারীদের বেতন বৃদ্ধি ও চাকরি স্থায়ী করার দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) মানববন্ধন করা হয়েছে। আজ সোমবার সকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে মানববন্ধন করেন বিভিন্ন হলের ডাইনিংয়ের প্রায় ১০০ কর্মচারী।

মানববন্ধনে মওলানা ভাসানী হলের ডাইনিং কর্মচারী কাশেম আলী বলেন, 'অনেকগুলো বছর যাবৎ আমরা বৈষম্য ও অবহেলার শিকার। ৩০-৩৫ বছর চাকরি করার পর আমাদের কোনো ভবিষ্যৎ নেই।

তিনি অভিযোগ করে বলেন, 'কর্মচারী নিয়োগের ক্ষেত্রে ৩৩ শতাংশ ডাইনিং কর্মচারীদের নেওয়ার প্রতিশ্রুতি দিলেও তা বাস্তবায়ন করেনি প্রশাসন। নতুন হলেগুলোতে আউটসোর্সিং পদ্ধতিতে ডাইনিংয়ে লোক নিয়োগ দেওয়া হচ্ছে, যাদের বেতন ১৬ হাজারের বেশি।'

তিনি আরো বলেন, '১৫ বছর ধরে হলের ডাইনিংয়ে কাজ করছি। বর্তমানে আমার বেতন ৯২০০ টাকা।

আমার সংসার চালাতে পারি না। তিন বেলা ঠিকভাবে খাওয়া তো দূরে থাক, ছেলে-মেয়েদের ঠিকভাবে পড়াশোনা করতে পারছি না।'

এ সময় তাদের দাবিকে যৌক্তিক জানিয়ে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সংগঠক সোহাগী সামিয়া বলেন, 'গণে-অভ্যুত্থানে আমাদের সঙ্গে ডাইনিং কর্মচারী এবং তাদের সন্তানরাও জীবনের ঝুঁকি নিয়ে ভূমিকা রেখেছিল। ডাইনিং কর্মচারীরা ভেবেছিল স্বৈরাচার পতনের পর যদি সারা দেশ সংস্কার হয়, তবে বিশ্ববিদ্যালয়ও সংস্কার হবে।

আমরা হাজার হাজার জীবন দিয়েও দেশের এমনকি বিশ্ববিদ্যালয়ের শ্রমজীবী মানুষের অধিকার ফিরিয়ে দিতে পারিনি।'

